# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮০৬

১/ বিবিধ

আরবী

إن الله إذا أراد أن يخلق خلقا للخلافة مسح يده على ناصيته، فلا تقع عليه عين أحد إلا أحبه

موضوع

رواه الحاكم (3 / 331) : حدثنا أبو بكر بن أبي دارم الحافظ ـ بالكوفة ـ: حدثنا أبو إسحاق محمد بن هارون بن عيسى الهاشمي: حدثنا موسى بن عبد الله بن موسى الهاشمي: حدثنا يعقوب بن جعفر بن سليمان قال: سمعت أبي يقول: " دخلت على أبي جعفر المنصور فرأيت له جمة، فجعلت أنظر إلى حسنها، فقال: كان لأبي محمد بن علي جمة، وحدثني أن أباه علي بن عبد الله كانت له جمة، وحدثني أن أباه عبد الله بن عباس كانت له جمة، وكان للعباس جمة، وحدثني أن النبي صلى الله عليه وسلم كانت له جمة، وكان لهاشم بن عبد مناف جمة، فقلت
لأبي إني لأعجب من حسنها، قال: ذلك نور الخلافة، قال: حدثني أبي عن أبيه عن جده قال: فذكره
وقال: " رواة هذا الحديث عن آخرهم كلهم هاشميون معروفون بشرف الأصل ". ورده الذهبي بقوله: " قلت: ليسوا معتمدين
قلت: وهذا كلام مجمل، وهاك تفصيله: أبو جعفر المنصور هو الخليفة العباسي المعروف، وحاله في الحديث غير معروف. ويعقوب بن جعفر بن سليمان وأبوه، لم أجد من ترجمهما. وأما محمد بن هارون بن عيسى الهاشمي، فهو آفة الحديث،

ويعرف بابن برية، ترجمه الخطيب (3 / 356) وقال: " في حديثه مناكير كثيرة ". ثم روى عن الدارقطني أنه قال: " لا شيء
وقال الخطيب في مكان آخر (7 / 403)
" ذاهب الحديث، يتهم بالوضع ". قلت: وقال الحافظ ابن عساكر في " تاريخ دمشق " (4 / 328 / 2) : " هو من ولد أبي جعفر المنصور، يضع الحديث ". قلت: فهذا من وضعه ولا شك، ولا أدري كيف فات هذا الحافظ ابن حجر فقد أعله بشيخ الحاكم كما في " فيض القدير " وقال: " إنه ضعيف، وهو من الحفاظ "! ولا يستقيم هذا الإعلال لوجهين: الأول: ما عرفته من حال ابن برية
الثاني: أن شيخ الحاكم لم يتفرد به، فقد أخرجه ابن الجوزي في " المسلسلات " (الحديث ـ 43) والكازروني في " مسلسلاته " أيضا (ق 331 / 2) من طريق أحمد بن يعقوب قال: حدثنا محمد بن هارون به دون قوله: " فلا تقع عليه ... ". وأحمد بن يعقوب هذا هو أبو الحسن المعدل، ترجمه الخطيب (5 / 227) وذكر أنه روى عن جماعة منهم ابن برية هذا، ثم روى عن أبي نعيم أنه قال فيه: ثقة . فبرئت منه عهدة شيخ الحاكم، وانحصرت التهمة في ابن برية، والله الموفق
والحديث أورده ابن الجوزي في " الموضوعات " (3 / 97) من طريقين آخرين من حديث أبي هريرة وأنس، وسيأتي تحقيق الكلام عليهما برقم (2217)

বাংলা

৮০৬। যখন আল্লাহ তা'আলা তার কোন সৃষ্টিকে খেলাফাত দেয়ার ইচ্ছার সৃষ্টি করেন, তখন তার হাত দিয়ে তার কপাল মুছে দেন। ফলে তার উপর কোন ব্যক্তির দৃষ্টি পড়লেই সে তাকে ভালবাসে।

হাদীছটি জাল।

এটি হাকিম (৩/৩৩১) আবু বাকর ইবনু আবী দারেম আল-হাফিয হতে তিনি আবু ইসহাক মুহাম্মাদ ইবনু হারূণ হতে তিনি মূসা ইবনু আবদিল্লাহ হতে তিনি ইয়াকুব ইবনু জাফার হতে ... বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ এ হাদীছটির বর্ণনাকারী শেষ ব্যক্তি পর্যন্ত সকলেই হাশেমী তার সম্মানিত হওয়ার দিক দিয়ে প্রসিদ্ধ।

হাফিয যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ তারা নির্ভরযোগ্য নন।

আমি (আলবানী) বলছিঃ তার কথায় অস্পষ্টতা রয়েছে। এখানে বিস্তারিত উল্লেখ করা হলোঃ

আবূ জাফার আল-মানসূর আব্বাসীয়দের প্রসিদ্ধ খালীফাহ। হাদীছের ক্ষেত্রে তার অবস্থা পরিচিত নয়।

ইয়াকুব ইবনু জাফার ইবনে সুলায়মান ও তার পিতার জীবনী কে আলোচনা করেছেন আমি পাচ্ছি না।

মুহাম্মাদ ইবনু হারূণ- তিনিই হচ্ছেন হাদীছটির সমস্যা। তিনি ইবনু বুরইয়াহ নামে প্রসিদ্ধ। আল-খাতীব তার জীবনী আলোচনা করে (৩/৩৫৬) বলেছেনঃ তার হাদীছে বহু মুনকার রয়েছে। অতঃপর তিনি দারাকুতনীর উদ্ধৃতিতে বলেছেনঃ তিনি কিছুই না। অন্যত্র আল-খাতীব (৭/৪০৩) বলেনঃ তিনি যাহেবুল হাদীছ। জাল করার দোষে দোষী।

আমি (আলবানী) বলছিঃ ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" (৪/৩২৮/২) গ্রন্থে বলেনঃ তিনি আবু জাফার আল-মানসূরের ছেলে। তিনি হাদীছ জালকারী।

আমি (আলবানী) বলছিঃ এটি তার জালকৃত তাতে কোন সন্দেহ নেই।

হাদীছটি ইবনুল জাওযী “আল-মাওযু আত” (৩/৯৭) গ্রন্থে দুটি সূত্রে আবু হুরাইরাহ (রাঃ) এবং আনাস (রাঃ) হতে উল্লেখ করেছেন। সে দু’টো সম্পর্কে ২২১৭ নম্বর হাদীছে আলোচনা আসবে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71685

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন